



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৯০

রাজশাহীতে আগামীকাল শুরু দুই দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা

রাজশাহী; ২৯ কার্তিক (১৪ নভেম্বর):

আগামীকাল ১৫ নভেম্বর থেকে রাজশাহীতে শুরু হবে দুই দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২। মঙ্গলবার সকাল এগারোটায় রাজশাহী কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি এ মেলার উদ্বোধন করবেন।

উন্নয়নের অগ্রযাত্রায় ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা কাজে লাগিয়ে প্রযুক্তিবান্ধব নানাবিধ উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরও সহজ ও সমৃদ্ধ করে গড়ে তুলতে এ মেলার আয়োজন করা হয়ে থাকে।

এবারের মেলায় উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্ট আপ (উদ্ভাবক ও শিক্ষার্থী), ডিজিটাল সেবা (সরকারি অফিসসমূহের সেবা), হাতের মুঠোয় সেবা (ডিজিটাল সেন্টারের সেবা যেমন- এজেন্ট ব্যাংকিং একশপ, সরকারি-বেসরকারি ডিজিটাল ব্যাংকিং সেবা ইত্যাদি) এবং শিক্ষা, দক্ষতা, উন্নয়ন ও কর্মসংস্থান (শিক্ষা প্রতিষ্ঠান, বিসিক, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর ইত্যাদির উদ্ভাবনী উদ্যোগ) বিষয়ে চারটি প্যাভিলিয়ন স্থাপন করা হবে।

বুধবার (১৬ নভেম্বর) বিকাল চারটায় এ মেলার সমাপনী অনুষ্ঠিত হবে। রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

.....
তৌহিদ/সিকান্দার/সাইদুর/১৬.২০ঘ.